তারিখ 14 JUL 2016
পৃষ্ঠা ৭ ৬-কলাম ৭

যুগান্তর

# রৌমারীতে পরীক্ষা দেয়া হল না শিক্ষার্থীদের

রৌমারী (কুড়িগ্রাম) প্রতিনিধি

কুড়িগ্রামের রৌমারী উপজেলার দাঁতভাঙা স্কুল অ্যান্ড কলেজে মাধ্যমিক পর্যায়ের অর্ধ-বার্ষিক পরীক্ষায় নজিরবিহীন ঘটনার খবর পাওয়া গেছে। পরীক্ষার ফি, বেতন ও সেশন ফি না দেয়ার কারণে পরীক্ষা কেন্দ্রের কক্ষ থেকে ৯ম ও ১০ম শ্রেণীর অধিকাংশ শিক্ষার্থীকে বের করে দিয়েছেন শিক্ষকরা। বুধবার বাংলা দ্বিতীয় পত্রের পরীক্ষা শুরুর আগ মুহূর্তে ওই ঘটনা ঘটে। ওই প্রতিষ্ঠানের ৯ম শ্রেণীর আশ্বেল মাহমুদ, লিমন মিয়া, নয়ন শিয়া, ১০ম শ্রেণীর মিঠু মিয়া, শাকিল আহমেদ, ওমর ফারুক, এরশাদুল হক, রবিউল ইসলামসহ অনেক শিক্ষার্থী অভিযোগ করেন, অর্ধ-বার্ষিক পরীক্ষার ফি ৩০০, সেশন ফি ৫০০ টাকাসহ ৭ মাসের বেতন মোট ১৫০০ টাকার এক টাকা কমও নেয়া হয় না। ভর্তির সময় আমাদের সেশন ফি নেয়া হয়েছে অথচ আবারও সেশন ফি দাবি করেছেন স্যাররা। বাংলা দ্বিতীয় পত্রের পরীক্ষা দেয়ার জন্য কক্ষে বসেছি এমন সময় স্যাররা আমাদের বের করে দেন। বলে পরীক্ষার ফি, সেশন ফি এবং বেতনের টাকা জমা দিলেই কেবল পরীক্ষা নেয়া হবে। আমরা যারা সেশন ফি দেইনি তাদের পরীক্ষা নেয়া হয়নি। অভিযোগ প্রসঙ্গে জানতে চাইলে সহকারী শিক্ষক শহীদুল ইসলাম বলেন, 'প্রধান শিক্ষক আমাকে নির্দেশ দিয়েছেন যারা টাকা দিতে পারবে না, তাদের পরীক্ষা যেন না নেয়া হয়। এ কারণে যাদের টাকা বাকি তাদের কক্ষ থেকে বের করে দিয়েছি।' অধ্যক্ষ বদিউজ্জামানের কাছে জানতে চাইলে তিনি বলেন, 'সাড়ে ৩শ' শিক্ষার্থীর মধ্যে মাত্র ৪২ জন বেতন, সেশন ও পরীক্ষা ফি দিয়েছে।